বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
উপজেলা পরিসংখ্যান কার্যালয়
জীবননগর, চুয়াডাঙ্গা
www.bbs.jibannagar.chuadanga.gov.bd

**নাগরিক সনদ**
## (Citizen charter)

**আমাদের লক্ষ্য (Vision):** জাতীয় পরিসংখ্যান প্রতিষ্ঠান হিসেবে স্থানীয় ও আন্তর্জাতিকভাবে প্রতিষ্ঠা লাভ।

**আমাদের উদ্দেশ্য (Mission)**

** সঠিক ও মানসম্মত এবং সময়ানুগ পরিসংখ্যান সরবরাহ;
** নীতি নির্ধারক, পরিকল্পনাবিদ, গবেষক ও সিদ্ধান্ত গ্রহণকারীগণের চাহিদামাফিক উপাত্ত পরিবেশন;
** প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি;
** পেশাদারিত্ব প্রতিষ্ঠা।

**বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর উল্লেখযোগ্য কার্যক্রম/কার্যাবলীঃ**

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে সুদীর্ঘকালের কর্মকান্ডে যে গতানুগতিক ভাবধারা বজায় ছিল, বিগত ৩ বছরে এর কাঠামোগত ও কর্মপদ্ধতিতে পরিবর্তন আনার ফলে এতে নতুন গতি সঞ্চার হয়। ফলশ্রুতিতে অত্র প্রতিষ্ঠানটির বিশ্বায়নের অগ্রযাত্রার সাথে দ্রুত তাল মেলানো সহজ হয়েছে। কেননা সময়ের চাহিদা অনুযায়ী বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কার্যাবলীর রূপরেখা নতুন করে সাজানো হয়েছে। বিবিএস এর মূল কার্যক্রম হলোঃ

০১) যে কোন বিষয়ে মান সম্পন্ন ও সময়োপযোগী পরিসংখ্যান সংগ্রহ, সংকলন, সম্পাদন, বিশ্লেষণ, সংরক্ষণ এবং প্রকাশকরণ
০২) সরকারী পর্যায়ে উন্নয়ন পরিকল্পনাবিদ,নীতি-নির্ধারক, গবেষণা ও শিক্ষা প্রতিষ্ঠান, জাতীয় ও আন্তজার্তিক সংস্থা ও অন্যান্য ব্যবহারকারীগণের চাহিদা অনুসারে দ্রুততার সাথে মানসম্পন্ন এবং ব্যবহার বান্ধব পরিসংখ্যান সরবরাহকরণ;
০৩) পরিসংখ্যান প্রণয়ন কার্যক্রমকে পরিকল্পনা প্রণয়নের মূল ধারার সাথে একীভূত করা এবং জাতীয় পরিসংখ্যান কৌশলপত্র (NSDS) প্রবর্তন করে জাতীয় পরিসংখ্যান পদ্ধতির উন্নয়ন;
০৪) অন্যান্য সরকারী এবং বেসরকারী দপ্তর হতে প্রাইমারি ও সেকেন্ডারি পরিসংখ্যান সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও প্রকাশের ক্ষেত্রে সমন্বিত কার্যক্রম গ্রহণ;
০৫) প্রশিক্ষণ একাডেমি স্থাপন এবং পরিসংখ্যান বিষয়ে দক্ষ জনশক্তি তৈরি, সরবরাহ ও এর উন্নয়ন নিশ্চিতকরণ
০৬) জাতীয় উন্নয়ন কর্মসূচিতে পরিসংখ্যানের ভূমিকা ও কার্যক্রমের ভূমিকা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ
০৭) পরিসংখ্যান কার্যক্রম অনুষ্ঠানে তথ্য প্রযুক্তির ব্যবহার আধুনিকীকরণ;
০৮) বিবিএস কর্তৃক প্রণীত জিও কোড সিস্টেম একমাত্র সরকারী জিও কোড সিস্টেম হিসাবে হালনাগাদ ও সংরক্ষণ এবং অন্যান্য সকল সরকারী সংস্থা বা প্রতিষ্ঠানকে ব্যবহারের জন্য উদ্বুদ্ধকরণ;
০৯) জাতীয় পপুলেশন রেজিস্টার প্রণয়ন ও সাম্প্রতিকরণ;
১০) সমন্বিত সেন্ট্রাল জিআইএস প্রণয়ন;
১১) বিকল্পসহ জাতীয় তথ্য ভান্ডার প্রণয়ন ও ডিজিটাল আর্কাইভে সংরক্ষণ;
১২) (ছয়)টি প্রধান এবং ১১৮টি অপ্রধান ফসলের উৎপাদন ও ফসলাধীন জমির পরিমাণ এবংভূমি ব্যবহার, সেচ সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ
১৩) বিভিন্ন প্রধান/অপ্রধান ফসলের উৎপাদন ও ফসলাধীন জমির পরিমাণ এবং ভূমি ব্যবহার, সেচ সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ;
১৪) ০৬ (ছয়)টি প্রধান ফসলের পূর্বাভাস এবং ফসলের মূল্য ও উৎপাদন খরচ জরিপ সংক্রান্ত পরিসংখ্যানপ্রস্তুত
১৫) ক্ষয়ক্ষতিররিপোর্ট(চলতি মাসের প্রতিবেদনপরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে প্রেরণ)যেমনঃ বন্যা, ঝড়,জলোচ্ছাস, অতিবৃষ্টি, খরা ইত্যাদি কারণে যে ক্ষয়ক্ষতিহয়, তার পরিসংখ্যান প্রস্তুত
১৬) মৎস্য, বন, গবাদি পশু-পাখি/হাঁস-মুরগী সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ;

১৭) মোট দেশজ উৎপাদন (GDP) এবং প্রবৃদ্ধির হারসহ অন্যান্য সামষ্টিক অর্থনৈতিক নির্দেশক (Indicators) যথা সঞ্চয়, বিনিয়োগ, ভোগ, মাথাপিছু আয় ইত্যাদি নিরূপণ ও প্রকাশ;

১৮) ভোক্তার দৈনন্দিন জীবনযাত্রায় ব্যবহৃত খাদ্য ও খাদ্য বহির্ভূত পণ্য অন্তর্ভুক্ত করে মাসভিত্তিক ভোক্তা মূল্যসূচক (CPI) নিরূপণ ও প্রকাশ;

১৯) প্রতি দশ বৎসর অন্তর (১) আদম শুমারি (২) কৃষি শুমারি এবং (৩) অর্থনৈতিক শুমারি পরিচালনা ও প্রতিবেদন প্রকাশ;

২০) স্বাস্থ্য, শিক্ষা, শিশুপুষ্টি, মা এবং শিশুদের অবস্থা সম্পর্কিত তথ্য সংগ্রহ, সংকলন ও প্রকাশ;

২১) মহিলাদের উন্নয়ন ও ক্ষমতায়নের লক্ষ্যে তাদের আর্থ-সামাজিক অবস্থা নিরূপণের জন্য gender Statistics প্রস্তুত ও প্রকাশ;

২২) ভাইটাল স্ট্যাটিসটিক্স যেমনঃ জন্ম, মৃত্যু, বিবাহ, তালাক, আগমন, বর্হিগমন, জন্ম নিয়ন্ত্রন, প্রতিবন্ধী প্রভৃতির তথ্য সংগ্রহ, প্রস্তুত ও বাৎসরিক পরিসংখ্যান প্রকাশ;

২৩) দেশের বিভিন্ন প্রোয়াজনীয় তথ্যসম্বলিত মাসিক পরিসংখ্যান বুলেটিন,

২৪) বার্ষিক পরিসংখ্যান পকেটবুক, বর্ষগ্রন্থ, কৃষি বর্ষগ্রন্থ প্রকাশ;

২৫) মাসভিত্তিক ম্যানুফ্যাকচারিং শিল্পের উৎপাদন সূচক প্রস্তুত ও প্রকাশ;

২৬) বৈদেশিক বাণিজ্য, পরিবেশ সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ;

২৭) বিভিন্ন পেশায় নিয়োজিত শ্রমিকদের মজুরির হার ও মজুরি সূচক প্রস্তুত ও প্রকাশ এবং

২৮) খানার আয়ও ব্যয় নির্ধারণ জরিপ (HEIS) পরিচালনার মাধ্যমে দেশের দারিদ্র পরিস্থিতি সম্পর্কিত তথ্য প্রস্তুত ও প্রকাশ।

২৯) অন্যান্য কর্তৃপক্ষ, পরামর্শকারী প্রতিষ্ঠান, বেসরকারী সংস্থা, আন্তজার্তিক সংস্থা এবং ব্যক্তি বা ব্যক্তিসমূহের সাথে পরিসংখ্যান বিষয়ে তথ্য সংগ্রহ, সংকলন,
সম্পাদন ও প্রকাশনার নিমিত্ত প্রয়োজনীয় সমন্বয় ও সহযোগিতার জন্য যোগাযোগ স্থাপন;

৩০) পরিসংখ্যানের প্রধান প্রধান কার্যক্রমসমূহ আন্তজার্তিক মানে প্রমিতকরণ:

৩১) জাতীয় ও আন্তজার্তিক সংস্থার জন্য প্রণীত পরিসংখ্যানের মান সত্যকরণ:

৩২) পরিসংখান সংক্রান্ত পরামর্শ সেবা প্রদান এবং

৩৩) সরকার কর্তৃক নির্দেশিত অন্যান্য দায়িত্বপালন।

**আমাদের প্রকাশনা ও সেবা (Publication & Service)t**

**প্রকাশনাসমূহঃ**

** দেশের বিভিন্ন প্রয়োজনীয় তথ্যসম্বলিত মাসিক পরিসংখ্যান বুলেটিন, বার্ষিক পরিসংখ্যান পকেটবুক ও বর্ষগ্রন্থ প্রকাশ;

** প্রতি দশ বৎসর অন্তর (১) আদম শুমারি (২) কৃষি শুমারি এবং (৩) অর্থনৈতিক শুমারি পরিচালনা ও প্রতিবেদন প্রকাশ;

** মোট দেশজ উৎপাদন (GDP) এবং প্রবৃদ্ধির হারসহ অন্যান্য সামষ্টিক অর্থনৈতিক নির্দেশক (Indicators) যথা - সঞ্চয় ,বিনিয়োগ, ভোগ,
মাথাপিছু আয় ইত্যাদি নিরূপণ ও প্রকাশ;

** ভোক্তার দৈনন্দিন জীবনযাত্রায় ব্যবহৃত খাদ্য ও খাদ্য বর্হিভূত পণ্য অন্তর্ভুক্ত করে মাসভিত্তিক ভোক্তা মূল্যসূচক (CPI)নিরূপণ ও প্রকাশ;

** মাসভিত্তিক ম্যানুফ্যাকচারিং শিল্পের উৎপাদন সূচক প্রস্ম্তত ও প্রকাশ;

** বৈদেশিক বানিজ্য পরিসংখ্যান প্রস্ম্তত ও প্রকাশ;

** বিভিন্ন পেশায় নিয়োজিত শ্রমিকদের মজুরির হার ও মজুরি সূচক প্রস্ম্তত ও প্রকাশ;

** বিভিন্ন ফসলের উৎপাদন ও ফসলাধীন জমির পরিমাণ এবং ভূমি ব্যবহার সংক্রান্ত পরিসংখ্যান প্রস্ম্তত ও প্রকাশ;

** গুরুত্বপূর্ণ স্বাস্থ্য ও জনমিতিক নির্দেশক প্রস্ম্তত ও প্রকাশ;

** শিশুপুষ্টি এবং শিশুদের অবস্থা সম্পর্কিত তথ্য সংগ্রহ, সংকলন ও প্রকাশ;

** মহিলাদের উন্নয়ন ও ক্ষতায়নের লক্ষ্যে তাদের আর্থ-সামাজিক অবস্থা নিরূপনের জন্য gender statistics প্রস্ম্তত ও প্রকাশ;

** খানার আয় ও ব্যয় নির্ধারণ জরিপ পরিচালনার মাধ্যমে দেশের দারিদ্র পরিস্থিতি সম্পর্কিত তথ্য প্রস্ম্তত ও প্রকাশ।

**আমাদের গ্রাহক/সেবা গ্রহণকারী (Users):**

১) সরকারী/বেসরকারীসংস্থা ২) উন্নয়নসহযোগী ওদাতা সংস্থা ৩) নীতিনির্ধারক, পরিকল্পনাবিদ ও গবেষক ৪) শিক্ষক-শিক্ষার্থী

**আমাদের প্রতিশ্রুতি (Commitments)t**

** স্বল্পতম সময়ের মধ্যে মানসম্মত ও সঠিক উপাত্ত পরিবেশন;

** তথ্য/উপাত্ত প্রক্রিয়া ও পরিজ্ঞাতকরণে আধুনিক প্রযুক্তির ব্যাবহার;

** বিশ্বায়নের চ্যালেঞ্জ মোকাবেলায় সঠিক সিদ্ধান্ত গ্রহণে চাহিদামাফিক উপাত্ত সরবরাহ;

** পরিসংখ্যান বিষয়ক কার্যক্রম সময়োপযোগী তরান্বিতকরণ;

** প্রাথমিক তথ্য প্রদানকারীর তথ্যের গোপনীয়তা রক্ষার নিশ্চয়তা।

**আমাদের প্রত্যাশা (Expectations)t**

** তথ্য প্রদানকারী ও উপাত্ত ব্যবহারকারীদের নিকট থেকে সহযোগীতামূলক মনোভাব;

** তথ্য সংগ্রহকারীগণকে স্বল্পতম সময়ের মধ্যে সঠিক তথ্য/উপাত্ত প্রদান;

** পরিসংখ্যানের মান বৃদ্ধিকল্পে পাঠক/ব্যবহারকারীগণের নিকট থেকে গঠনমূলক পরামর্শ।

**অভিযোগ ও পরামর্শ (Complaints & Suggestions)t**

সেবা সংক্রান্ত অভিযোগ বা পরামর্শ গুরুত্ব সহকারে বিবেচনা করা হয়। সম্মানিত গ্রাহকগণের কোন অভিযোগ, পরামর্শ বা জিজ্ঞাসা থাকলে তা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জেলা কার্যালয়ের রক্ষিত **নির্ধারিত বাক্সে বা ই-মেইল ঠিকানাঃ**usojibannagar@gmail.com প্রেরণ করতে পারেন।

উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা
জীবননগর, চুয়াডাঙ্গা।
ফোন নং **+88-**0762475569